

# Telephone Conversation between Prime Minister and Japanese Prime Minister Mr. Abe Shinzo

September 10, 2020

মাননীয় প্রধানমন্ত্রী এবং জাপানের প্রধানমন্ত্রী মিস্টার আবে শিনজোর মধ্যে টেলিফোনে বাক্যালাপ

সেপ্টেম্বর 10, 2020

10 সেপ্টেম্বর 2020 মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী জাপানের প্রধানমন্ত্রী মহামান্য মিস্টার আবে শিনজোর সাথে টেলিফোনে বাক্যালাপ করেছেন।

2. দুই নেতা তাদের পারস্পরিক বিশ্বাস এবং বন্ধুত্বের কথা পুনরায় দুটতার সাথে ব্যক্ত করেছেন এবং একের অন্যের দেশে সফরের অভিজ্ঞতার স্মৃতি বিনিময় করেছেন।

3. দুই দেশের মধ্যে সম্পর্ক আরো মজবুত করার ক্ষেত্রে প্রধানমন্ত্রী আবের ব্যক্তিগত অঙ্গীকার এবং নেতৃত্বের প্রতি মাননীয় প্রধানমন্ত্রী মোদী কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

4. দুই নেতা চলতে থাকা সহযোগিতাগুলির অবস্থা নিয়ে পর্যালোচনা করেছেন যেমন মুম্বাই-আহমেদাবাদ হাই স্পীড (এমএইচএসআর) প্রকল্প যা জাপান-ভারত বিশেষ কৌশলগত এবং বিশ্ব অংশীদারিত্বের অন্তর্ভুক্ত। এই বিষয়ে তারা সহমত হয়েছেন যে তাদের মধ্যে থাকা শক্তিশালী ও স্থায়ী অংশীদারিত্ব কোভিড পরবর্তী বিশ্বের গতিপথ নির্ধারণ করতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে।

5. ভারতীয় সামরিক বাহিনী এবং জাপানের আত্মরক্ষা বাহিনীর মধ্যে পরস্পর বিনিময়ে যোগান এবং পরিষেবার যে চুক্তি হয়েছে দুই নেতাই তাকে স্বাগত জানিয়েছেন। তারা একমতাবলম্বী হয়েছেন যে এই চুক্তির ফলে দুই দেশের মধ্যে প্রতিরক্ষা ক্ষেত্রে সহযোগিতা গভীরতর হবে এবং তা ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে শান্তি এবং নিরাপত্তার ক্ষেত্রে অবদান রাখবে।

6. কোভিড-19 অতিমারি চলাকালীন এক দেশে থাকা অন্য দেশের নাগরিকদের যে সাহায্য প্রদান করা হয়েছে তা নিয়ে দুই নেতা সন্তোষ প্রকাশ করেছেন এবং দুই দেশের জনগণের মধ্যে শক্তিশালী সম্পর্ক বজায় রাখার জন্য এই ধরনের প্রচেষ্টা জারি রাখতে সম্মত হয়েছেন।

7. ভারত-জাপান অংশীদারিত্ব যে শক্তিশালী ভরবেগ অর্জন করেছে তা ভবিষ্যতেও অপ্রশমিত ভাবে চলতে থাকবে বলে দুই নেতা আশ্বা প্রকাশ করেছেন। জাপানের নতুন সরকারের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার সঙ্কল্পের কথা মাননীয় প্রধানমন্ত্রী মোদী জানিয়েছেন এবং প্রধানমন্ত্রী আবেকে সুন্দর ভবিষ্যতের জন্য শুভকামনা জানিয়েছেন।

নিউ দিল্লি

সেপ্টেম্বর 10, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.